# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

# "স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের নির্দেশিকা"

আগস্ট ২০১৭ (১ম সংস্করন-ডিসেম্বর ২০১৮)

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়সমূহ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভূমিকা | ৩ |
| ২ | স্থানীয়ভাবে হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের উদ্দেশ্য | ৩ |
| ৩ | কমিশনের এখতিয়ার | ৪ |
| ৪ | মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট সনদের প্রকার | ৪ |
| ৫ | মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট সনদের জন্য প্রয়োজনীয় তথ্য/দলিলাদি (Document) | ৫ |
| ৬ | মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট ফি ও এনলিস্টমেন্ট বার্ষিক নবায়ন ফি | ৬ |
| ৭ | মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট-এর মেয়াদ ও নবায়ন | ৬ |
| ৮ | স্থানীয়ভাবে যন্ত্রপাতি উৎপাদনের/সংযোজনের প্রচলিত পদ্ধতি | ৬ |
| ৯ | ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা | ৭ |
| ১০ | সার্ভিস সেন্টার ও কালেকশন পয়েন্ট | ৭ |
| ১১ | যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্য/দলিলাদি (Document) | ৭ |
| ১২ | যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ | ৭ |
| ১৩ | পরিশিষ্ট-১ | ৮ |
| ১৪ | পরিশিষ্ট-২ | ৯ |
| ১৫ | পরিশিষ্ট-৩ | ১০ |
| ১৬ | পরিশিষ্ট-৪ | ১১ |
| ১৬ | পরিশিষ্ট-৫ (সংশ্লিষ্ট এস.আর.ও) | ২১ |



মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## ১. ভূমিকাঃ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) ও আমদানী নীতি আদেশ ২০১২-২০১৫ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি (যেমন ঃ মোবাইল ফোন হ্যান্ডসেট, ট্যাবলেট পিসি, ওয়াকি-টকি, বেইস, রিপিটার, ফিক্সড ওয়্যারলেস ফোন, মডেম, ডাইরেক্ট টু হোম (ডিটিএইচ) রিসিভার ও এন্টেনা, স্যাটেলাইট টিভি রিসিভার ইত্যাদি এবং অন্যান্য বেতারযন্ত্র) আমদানীর ক্ষেত্রে আবশ্যিকভাবে বিটিআরসি'র পূর্বানুমতি গ্রহণ করতে হয়। উপরোল্লিখিত বেতার যন্ত্রপাতিসমূহ আমদানী ও বাজারজাত করণের জন্য অত্র কমিশন থেকে Radio Equipment Importer and Vendor Enlistment সনদ প্রদান করা হয়ে থাকে। মোবাইল ফোন হ্যান্ডসেট একটি বেতারযন্ত্র বিধায় Enlisted Vendor সমূহ তা আমদানী ও বাজারজাত করণের জন্য অত্র কমিশন থেকে পূর্বানুমতি গ্রহণ করে থাকে। বাংলাদেশের ১৬ কোটি মানুষের মধ্যে প্রায় ১৩ কোটি মোবাইল সংযোগ রয়েছে এবং দিন দিন সংযোগ সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশের বাজার মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যবসার জন্য অনুকূল বিধায় প্রতি বছর বৈধ পথে প্রায় ২.৫ থেকে ৩ কোটি হ্যান্ডসেট আমদানী হয়ে থাকে। এছাড়া সরকারী রাজস্ব ফাকি দিয়ে অবৈধ পথে প্রায় ৫০ লক্ষ হ্যান্ডসেট দেশের বাজারে প্রবেশ করে থাকে। প্রায় ৩ কোটি মোবাইল ফোন হ্যান্ডসেট আমদানী করতে প্রতি বছর বিপুল পরিমাণ মূল্যবান বৈদেশিক মূদ্রা বিদেশে চলে যাচ্ছে। উল্লেখ্য যে, বর্তমানে দেশে মোবাইল ফোন হ্যান্ডসেটের বাজার প্রায় ০৮ (আট) হাজার কোটির টাকার। বিপুল পরিমাণ মূল্যবান বৈদেশিক মূদ্রা বিদেশে চলে যাওয়া রোধ করতে দেশের অভ্যন্তরে মোবাইল ফোন হ্যান্ডসেট তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করণ একটি সময়োপযোগী পদক্ষেপ হবে বলে প্রতীয়মান হয়। উল্লেখ্য যে, এ বিষয়ে ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয় হতে SKD (Semi Knock Down) পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রপাতি আমদানীর ক্ষেত্রে ১০% (দশ শতাংশ) এবং CKD (Complete Knock Down) পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রপাতি আমদানীর ক্ষেত্রে ১% (এক শতাংশ) আমদানী শুল্ক নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে (**পরিশিষ্ট-৫**)। ইতোপূর্বে মোবাইল ফোন হ্যান্ডসেটের খুচরা যন্ত্রাংশ আমদানীর জন্য উভয় ক্ষেত্রে ৩৭.০৭% (সাইত্রিশ দশমিক শূণ্য সাত শতাংশ) আমদানী শুল্ক প্রযোজ্য ছিল।

## ২. স্থানীয়ভাবে হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের উদ্দেশ্যঃ

- বিপুল পরিমাণ মূল্যবান বৈদেশিক মূদ্রা সাশ্রয় করা সম্ভব হবে;
- দেশে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে;
- দেশে সুদক্ষ কারিগরী জ্ঞানসম্পন্ন জনবল সৃষ্টি হবে;
- অবৈধ আমদানী হ্রাস করার মাধ্যমে সরকারের রাজস্ব ক্ষতি রোধ করা সম্ভব হবে;
- কাংখিত বৈদেশিক বিনিয়োগ পাওয়া সম্ভব হবে;
- দেশী বিনিয়োগকারীগণ সময়োপযোগী বিনিয়োগের নতুন ক্ষেত্র পাবেন;
- ক্রেতা সাধারণ কম মূল্যে মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যবহারের সুযোগ পাবেন;
- টেলি-ডেনসিটি আরও বৃদ্ধি পাবে;
- কম দামে স্মার্টফোন উৎপাদন ও বাজারজাত সম্ভব হবে বিধায় ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পাবে। সম্প্রতি প্রকাশিত GSMA-এর এক প্রতিবেদনে দেখা যায় যে, ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ১০% বৃদ্ধি পেলে জাতীয় প্রবৃদ্ধি অতিরিক্ত প্রায় ১% বৃদ্ধি পায়, ফলে দেশের আর্থ-সামাজিক অবস্থার দ্রুত উন্নতি হবে;

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

- আমদানীর পরিবর্তে মোবাইল ফোন হ্যান্ডসেট বিদেশে রপ্তানী করে বৈদেশিক মূদ্রা অর্জন করা সম্ভব হবে;
- সর্বোপরী ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে দেশ আরও এক ধাপ এগিয়ে যাবে।

## ৩. কমিশনের এখতিয়ারঃ

*বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫২ তে এ বিষয়ে নিম্নলিখিত বর্ণনা রয়েছেঃ*

***(১) "প্রান্তিক যন্ত্রপাতির নাম, বিবরণ (Specification), কারিগরী মান ও আনুসংগিক বিষয়াদি নির্ধারণ করিয়া কমিশন সময় সময় নির্দেশিকা প্রণয়ন ও প্রকাশ করিবে।***

***(২) প্রান্তিক যন্ত্রপাতি উৎপাদন, আমদানী, বাজারজাতকরণ এবং টেলিযোগাযোগ ব্যবস্থায় স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যক্তি উক্ত নির্দেশিকা অনুসরণ করিবেন।"***

এছাড়া বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫৭ অনুযায়ী Radio Equipment Importer and Vendor Enlistment সনদ ব্যতীত বেতার যন্ত্রপাতি কোন ব্যক্তি ব্যবহার, বিতরণ, পরিবেশন, ইজারা দান, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রস্তাব বা প্রদর্শন করিতে পারিবেন না। বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) অনুযায়ী উক্ত সনদ ইস্যুকরণ, নবায়ন, বাতিলকরণ ও স্থগিতকরণের এখতিয়ারও অত্র কমিশনের। এছাড়া আমদানী নীতি আদেশ ২০১২-২০১৫ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি (যেমন ঃ মোবাইল ফোন হ্যান্ডসেট, ট্যাবলেট পিসি, ওয়াকি-টকি, বেইস ইত্যাদি) আমদানীর ক্ষেত্রে আবশ্যিকভাবে বিটিআরসি'র পূর্বানুমতি গ্রহণ করতে হয়। উপরোক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে আমদানীর জন্য প্রচলিত Enlistment সনদের ন্যায় মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদন, বাজারজাত ও রপ্তানীর একটি সুনির্দিষ্ট নির্দেশিকা এবং Enlistment সনদ প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

## ৪. মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট সনদের প্রকারঃ

৪.১ স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন, উৎপাদন এবং বাজারজাত করণের জন্য ০২ (দুই) প্রকারের এনলিস্টমেন্ট সনদ প্রদান করা যেতে পারেঃ

- Enlistment সনদ - ক্যাটাগরী 'এ'
- Enlistment সনদ - ক্যাটাগরী 'বি'

৪.১.১. **ক্যাটাগরী-'এ' Enlistment সনদঃ** এ ধরণের মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের মান সম্মত (Standard) লে-আউটের মাধ্যমে নিজস্ব একটি Testing Lab থাকতে হবে। প্রতিটি Testing Lab এ প্রয়োজনমত টেস্টিং সুবিধাদি (Facilities) সম্পন্ন বিভিন্ন বিভাগ/শাখা (Department) থাকবে যাতে করে বাংলাদেশে উন্নত এবং আর্ন্তজাতিক মানের মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদন করা সম্ভব হয়। কারিগরী মান এবং বৈশিষ্ট সঠিকভাবে নিরুপন করার জন্য ন্যূনতম বিটিআরসি নির্ধারিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab থাকতে হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিটিআরসি নির্ধারিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতির বাইরে প্রয়োজন মত আরও টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সংযোজন করতে পারবে।

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

*৪.১.২. ক্যাটাগরী-'বি' **Enlistment** সনদঃ এ ধরণের মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের বিটিআরসি কর্তৃক নির্ধারিত নিজস্ব **Testing Lab** এর প্রয়োজন নাই। তবে প্রতিষ্ঠানটিকে তার প্রস্তুতকৃত মোবাইল ফোন হ্যান্ডসেটের মান যাচাই করার জন্য ইতোমধ্যে বিটিআরসি অনুমোদিত এবং নিজস্ব **Testing Lab** সমৃদ্ধ যে কোন একটি 'এ' ক্যাটাগরী **Enlistment** সনদধারীর সাথে চুক্তিবদ্ধ হতে হবে। মোবাইল ফোন হ্যান্ডসেটের কারিগরী মান যাচাইয়ের জন্য উৎপাদন বা সংযোজন সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল টেষ্ট চুক্তিবদ্ধ **Testing Lab** এর মাধ্যমে সম্পন্ন করবে। উল্লেখ্য যে, পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি বিটিআরসি নির্ধারিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব **Testing Lab** স্থাপন করতে সক্ষম হলে এবং প্রয়োজনীয় অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে তাদের **Enlistment** সনদ 'এ' ক্যাটাগরীতে উন্নীত করতে পারবে। তবে এক্ষেত্রে প্রয়োজনীয় অন্যান্য শর্ত পূরণের সাথে 'বি' ক্যাটাগরীর **Enlistment** এর মেয়াদ পূর্তির অবশিষ্ট সময়ের জন্য 'এ' ক্যাটাগরী হারে এনলিস্টমেন্ট ফি হিসাব করে 'বি' ক্যাটাগরীর জন্য প্রদত্ত ফি'র সাথে সমন্বয় করে তাদের **Enlistment** সনদ 'এ' ক্যাটাগরীতে উন্নীত করতে পারবে।*

*৪.২. উল্লেখ্য যে, বর্তমানে কমিশনের স্পেকট্রাম বিভাগ হতে প্রদত্ত **"Radio Equipment Importer and vendor Enlistment"** সনদধারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দেশীয় মালিকানাধীন যে সকল প্রতিষ্ঠানের নিজস্ব স্থানীয় ব্র্যান্ড **(Local Brand)** রয়েছে, সে সকল প্রতিষ্ঠান তাদের নিজস্ব স্থানীয় ব্র্যান্ডের মোবাইল ফোন হ্যান্ডসেট বিটিআরসি হতে প্রয়োজনীয় অনুমতি গ্রহণ সাপেক্ষে 'এ' ক্যাটাগরী **Enlistment** সনদধারী এবং 'বি' ক্যাটাগরী **Enlistment** সনদধারী প্রতিষ্ঠানসমূহ থেকে **Original Design Manufacturer (ODM)** পদ্ধতিতে তাদের চাহিদা এবং স্পেসিফিকেশন অনুযায়ী মোবাইল ফোন হ্যান্ডসেট তৈরী করে নিতে পারবে।*

৪.৩. ক্যাটাগরী 'এ' সনদধারী প্রতিষ্ঠান তার Testing Lab এর মাধ্যমে ক্যাটাগরী 'বি' প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত মোবাইল ফোন হ্যান্ডসেটের মান নিয়ন্ত্রণের জন্য যৌক্তিক চার্জ এবং সময়সীমা নির্ধারণ করবে এবং তা তাদের মধ্যে সম্পাদিত চুক্তিতে উল্লেখ থাকবে।

## ৫. মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট সনদের জন্য প্রয়োজনীয় তথ্য/দলিলাদি (Document)ঃ

৫.১. স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন, উৎপাদন, বাজারজাত করণের জন্য 'এ' ক্যাটাগরী ও 'বি' ক্যাটাগরী Enlistment সনদের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের নিকট থেকে **পরিশিষ্ট-১** এ বর্ণিত তথ্য/ডকুমেন্ট নেওয়া প্রয়োজন। ক্যাটাগরী 'এ' প্রতিষ্ঠানের Testing Lab এর মাধ্যমে ক্যাটাগরী 'বি' প্রতিষ্ঠানের হ্যান্ডসেটের মান নিয়ন্ত্রণের জন্য সম্পাদিত কার্যক্রমের সকল তথ্য (যেমনঃ আবেদন প্রাপ্তির তারিখ, টেস্টের নাম, নমুনা যন্ত্রাংশের সংখ্যা, টেস্টের তারিখ, রিপোর্ট প্রস্তুতির তারিখ, রিপোর্ট প্রদানের তারিখ ইত্যাদি) রেজিষ্টারের মাধ্যমে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবে। এতদ্‌সংক্রান্ত ব্যাপারে কোন আপত্তি বিটিআরসির কাছে উত্থাপিত হলে বিটিআরসি উক্ত রেজিষ্টারে সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ন্যায্যতার মাধ্যমে সকলের অধিকার সংরক্ষণ করবে।

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৫.২. ক্যাটাগরী 'এ' মানের এনলিস্টমেন্ট সনদ প্রাপ্তি ০২ (দুই) ধাপে সম্পন্ন হবে।

৫.২.১. **প্রথম ধাপঃ** পরিশিষ্ট-৪ মোতাবেক টেস্টিং ল্যাব স্থাপনের অঙ্গীকার প্রদানের পর প্রতিষ্ঠানটিকে নির্দেশিকার সংশ্লিষ্ট অন্যান্য শর্ত পালন সাপেক্ষে সাময়িক (Provisional) এনলিস্টমেন্ট সনদ প্রদান করা হবে।

৫.২.২. **দ্বিতীয় ধাপঃ** পরবর্তীতে বিটিআরসির নির্ধারিত মানের টেস্টিং ল্যাব স্থাপন সম্পন্ন করে কমিশনকে অবহিত করলে কমিশন পরিদর্শক দল প্রেরণ করবে। পরিদর্শক দলের সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে ক্যাটাগরী 'এ' মানের এনলিস্টমেন্ট সনদ প্রদান করা হবে।

*৫.৩. মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক তাদের কারখানার উৎপাদন লাইন সংখ্যা ও মাসিক উৎপাদন (ফিচার ফোন ও স্মার্ট ফোন আলাদাভাবে), জনবল (উৎপাদন ও ল্যাব আলাদাভাবে), ই-বর্জ্যের পরিমাণ এবং রি-সাইক্লিং এর যাবতীয় তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধ রাখবে এবং ০৬ (ছয়) মাস পর পর (প্রতি বছরের জানুয়ারী এবং জুলাই) বিটিআরসিতে প্রতিবেদন জমা দিবে।*

## ৬. মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট ফি ও এনলিস্টমেন্ট বার্ষিক নবায়ন ফিঃ

৬.১. 'এ' ক্যাটাগরী সনদের Enlistment ফি ঃ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ টাকা) + ১৫% ভ্যাট

এনলিষ্টমেন্ট নবায়ন ফি ঃ ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা) + ১৫% ভ্যাট (বার্ষিক)

৬.২. 'বি' ক্যাটাগরী সনদের Enlistment ফি ঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা) + ১৫% ভ্যাট

এনলিষ্টমেন্ট নবায়ন ফি ঃ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) + ১৫% ভ্যাট (বার্ষিক)

## ৭. মোবাইল ফোন হ্যান্ডসেট প্রস্তুতকারক (Manufacturer) এবং ভেন্ডর এনলিস্টমেন্ট-এর মেয়াদ ও নবায়নঃ

Mobile Handset Manufaturer and Vendor Enlistment সনদ ০৩ (তিন) বছরের জন্য প্রদান এবং নবায়ন করতে হবে। তবে প্রতি ০১ বছর পূর্ণ হওয়ার পর হালনাগাদ সকল কাগজ-পত্রাদি জমা দিতে হবে এবং ০৩ বছর পূর্ণ হওয়ার ০১ মাস পূর্বে হালনাগাদ সকল কাগজ-পত্রাদিসহ ('এ' ক্যাটাগরী ও 'বি' ক্যাটাগরী Enlistment সনদের জন্য **পরিশিষ্ট-১** এ বর্ণিত যে সকল তথ্য/ডকুমেন্টের ক্ষেত্রে হালনাগাদ/বার্ষিক নবায়ন প্রয়োজন হয়) নবায়নের জন্য আবেদন করতে হবে।

## ৮. স্থানীয়ভাবে যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের প্রচলিত পদ্ধতিঃ

- CKD (Complete Knock Down) পদ্ধতি
- SKD (Semi Knock Down) পদ্ধতি

৮.১. **CKD (Complete Knock Down) Systemঃ** A knock-down kit is a kit containing the parts needed to assemble a product. The parts are typically manufactured in one country or region, then exported to another country or region for final assembly.Variant names include knock-down kit, knocked-down kit, or simply knockdown, and the abbreviated KD or CKD. A common form of knock-down is a Complete Knock Down (CKD), which is a complete kit needed to assemble a product. It is also a method of supplying parts to a market, particularly in shipping to foreign

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

nations, and serves as a way of counting or pricing. CKD is a common practice in the automotive, bus, heavy truck and rail vehicle industries, as well as electronics.

৮.২. **SKD (Semi Knock Down) Systemঃ** Used to describe a product that is exported/Imported in a set of parts that have been partly put together, and which are then all put together for sale to customers. An incompletely disassembled kit is known as SKD for Semi-Knocked Down.

## ৯. ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনাঃ

৯.১. বিটিআরসির নিকট থেকে মোবাইল ফোন হ্যান্ডসেটের উৎপাদনের কারখানার সনদ প্রাপ্তির পর তাদের প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত সকল ই-বর্জ্য ব্যাবস্থাপনার জন্য নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবেঃ

৯.১.১. কারখানার ই-বর্জ্য সংগ্রহ স্থান (Collection Point) স্থাপন করতে হবে।

৯.১.২. ই-বর্জ্য পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী রি-সাইক্লিং করার পূর্ব পর্যন্ত নিজ কারখানায় পরিবেশসম্মত উপায়ে সংরক্ষণ করতে হবে।

৯.১.৩. পরবর্তীতে সংরক্ষিত ই-বর্জ্য অথবা বেশী পরিমাণ ই-বর্জ্য জমা হলে অথবা বছরে নূন্যতম একবার পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়ে তালিকাভূক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রি-সাইক্লিং করার জন্য বিটিআরসিতে আবেদন করবে।

৯.১.৪. প্রতিষ্ঠান কর্তৃক আবেদনের প্রেক্ষিতে বিটিআরসি বিদ্যমান প্রক্রিয়ার মাধ্যমে ই-বর্জ্য রি-সাইক্লিং এর অনুমতি প্রদান করবে।

৯.১.৫. প্রতিষ্ঠান কর্তৃক ই-বর্জ্যের পরিমাণ এবং রি-সাইক্লিং এর যাবতীয় তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধ রাখবে এবং ০৬ (ছয়) মাস পর পর (প্রতি বছরের জানুয়ারী এবং জুলাই) বিটিআরসিকে অবহিত করবে।

## ১০. সার্ভিস সেন্টার ও কালেকশন পয়েন্টঃ

মোবাইল ফোন হ্যান্ডসেটের প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীদের বিক্রয়োত্তর সেবার মান নিশ্চিত করতে ঢাকায় ন্যূনতম ০৪ (চার) টি, চট্টগ্রামে ন্যূনতম ০৩ (তিন) টি, অন্যান্য সকল বিভাগীয় শহরে ন্যূনতম ০২ (দুই) টি করে এবং দেশের সকল জেলা শহরে ন্যূনতম ০১ (এক) টি করে সার্ভিস সেন্টার স্থাপন করতে হবে। এছাড়া গ্রাহকের চাহিদা বিবেচনা করে প্রয়োজনীয় সংখ্যক কালেকশন পয়েন্ট স্থাপন করতে হবে।

## ১১. যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্য/দলিলাদি (Document)ঃ

SKD পদ্ধতিতে বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্র (NOC) **প্রক্রিয়াকরণের পূর্বে** আবেদনকারী প্রতিষ্ঠান **পরিশিষ্ট-২** এ বর্ণিত তথ্য/ডকুমেন্ট জমা দিবে ।

## ১২. যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহঃ

আবেদনকারী প্রতিষ্ঠান হতে **পরিশিষ্ট-২** এ বর্ণিত তথ্য/ডকুমেন্ট গ্রহণ করে কমিশনের সংশ্লিষ্ট বিভাগের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণপূর্বক মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণ করা হবে। উক্ত আমদানীর অনাপত্তি পত্র (NOC)-এ **পরিশিষ্ট-৩** এ বর্ণিত **শর্তসমূহ** যুক্ত করা হবে।

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## পরিশিষ্ট-১

স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন, উৎপাদন, বাজারজাত করণের জন্য Enlistment সনদ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত তথ্য/ডকুমেন্ট জমা দিতে হবেঃ

১. হাল নাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি (সত্যায়িত)।

২. হাল নাগাদ আমদানী নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

৩. সর্বশেষ আয়কর প্রদানের সনদপত্রের ফটোকপি ও একই সাথে হালনাগাদ আয়কর রিটার্ণ দাখিলের রশিদ বা ব্যাখ্যা প্রদান (সত্যায়িত)।

৪. মূল্য সংযোজন কর সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

৫. ব্যাংক সলভেন্সি (Sound & Solvent ) সনদপত্র (বর্তমান)। ফটোকপি হলে সত্যায়িত হতে হবে।

৬. প্রতিষ্ঠানের নামে বা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর নামে ইতোপূর্বে ‘‘Mobile Phone Handset Manufacturer and vendor Enlistment” সনদ গ্রহণ করা হয় নাই মর্মে অঙ্গীকারনামা।

৭. লিমিটেড কোম্পানী ক্ষেত্রে মেমোরান্ডাম অব এসোসিয়েসন ও আর্টিকেল অব এসোসিয়েশন এর ফটোকপি (সত্যায়িত)। **অথবা**

ব্যক্তি মালিকানার ক্ষেত্রে প্রোপাইটারশীপ সার্টিফিকেট, অথাৎ (নোটারী পাবলিক থেকে " ২০০/- টাকার ষ্ট্যাম্পে হলফ নামা" এর মূলকপি)। **অথবা**

পার্টনারশিপের ক্ষেত্রে Registrar of Joint Stock Companies & Firms, Bangladesh হতে রেজিষ্ট্রিকৃত সনদ এর ফটোকপি (সত্যায়িত)।

৮. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৯. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১০. সংস্থায় কর্মরত ন্যূনতম ০৫ (পাঁচ) জন টেকনিক্যাল জনবলের জীবন বৃত্তান্ত, নিয়োগকৃত হলে নিয়োগ পত্র।

১১. Bangladesh Investment Development Authority (BIDA)-এর ছাড়পত্র (সত্যায়িত)।

১২. হাল নাগাদ ইন্ডাস্ট্রিয়াল আমদানী নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

১৩. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (সত্যায়িত)।

১৪. হাল নাগাদ রপ্তানী নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)। (শুধুমাত্র স্থানীয়ভাবে উৎপাদিত বা সংযোজিত মোবাইল ফোন হ্যান্ডসেট রপ্তানীকারকের জন্য প্রযোজ্য)

১৫. মূল্য সংযোজন কর আঁইন, ১৯৯১ এর অধীনে উৎপাদনকারী বা সংযোজনকারী হিসাবে নিবন্ধন কপি (সত্যায়িত)।

১৬. উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের মোবাইল ফোন হ্যান্ডসেট-এর কারিগরী মান/বৈশিষ্ট সঠিকভাবে নিরুপন করার জন্য **পরিশিষ্ট-৪** বর্ণিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab স্থাপনের সুনির্দিষ্ট সময়কালসহ বিস্তারিত প্ল্যান। (ক্যাটাগরী-বি এর জন্য প্রযোজ্য নয়)

১৭. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Testing Lab এর সাথে সম্পাদিত চুক্তির কপি জমা দিতে হবে;

১৮. কারখানা ভবন ভাড়াকৃত হলে ভাড়ার চুক্তির কপি;

*১৯. গুণগত মানসম্পন্ন মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনের বিষয়টি নিশ্চিতকল্পে স্বীকৃত কোন মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের কারিগরি সহায়তায় কারখানা স্থাপন করতে হবে। এ মর্মে আবেদনকারী এবং স্বীকৃত কোন মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত চুক্তির কপি জমা দিতে হবে।*

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

<u>পরিশিষ্ট-২</u>

SKD পদ্ধতিতে বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের পূর্বে ক্ষেত্রে নিম্নবর্ণিত তথ্য/ডকুমেন্ট জমা দিতে হবেঃ

১. আমদানীকারককে বিটিআরসি হতে "Mobile Phone Handset Manufacturer and vendor Enlistment" তালিকাভূক্ত হতে হবে এবং হালনাগাদ/নবায়নকৃত থাকতে হবে।

২. সকল আবেদন চেয়ারম্যান, বিটিআরসি এবং দৃষ্টি আকর্ষণ মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ বরাবর করতে হবে।

৩. আবেদনকৃত হ্যান্ডসেটের মডেল নিরুপন পূর্বক PCB/PCBA (Printed Circuit Board Assmbly) এর Sample দেখাতে হবে।

৪. Proforma Invoice (মূল্যসহ এবং মূল্যবিহীন) উভয়ভাবেই প্রোপ্রাইটার/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/সিইও কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

৫. আমদানীতব্য যন্ত্রাংশ যে মডেলের বিপরীতে আমদানী করা হচ্ছে Proforma Invoice-এ তা উল্লেখ থাকতে হবে।

৬. সম্ভাব্য প্রত্যেক মডেলের Brochure/Technical Specification প্রোপ্রাইটার/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/সিইও কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

৭. আবেদনের সাথে পূরণকৃত নির্ধারিত এপ্লিকেশন ফর্ম হার্ডকপি এবং সিডিতে (এক্সেল ফরমেট) জমা দিতে হবে।

৮. কোন অবস্থাতেই স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য আমদানিকৃত যন্ত্রাংশ ব্যবহার করে মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যাতীত অন্য কোন প্রকার যন্ত্রপাতি তৈরী করা হবে না, আমদানীকৃত যন্ত্রাংশের কোন প্রকার অপব্যবহার করা হবে না, আমদানীকৃত যন্ত্রাংশের যথাযথ রেজিস্ট্রার সংরক্ষনকরণ এবং একই ব্র্যান্ডের একই মডেলের মোবাইল ফোন হ্যান্ডসেট আমদানী ও স্থানীয়ভাবে উৎপাদন করা হবে না মর্মে অঙ্গীকারনামা।

৯. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত PCB/PCBA, Display, Adapter/Charger, Battery আমদানির ক্ষেত্রে কারিগরী মান নিশ্চিত করণে আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন একটি Testing Lab হতে **<u>নিম্নোক্ত অনুচ্ছেদ ১১ এর ক, ঘ, ঙ, চ, ছ</u>** তে বর্ণিত মান নিয়ন্ত্রণের Certificate/Test Report প্রদান করতে হবে।

১০. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত স্থানীয় কারখানায় উৎপাদিত বা সংযোজিত মোবাইল ফোন হ্যান্ডসেট-এর ক্ষেত্রে কারিগরী মান নিজস্ব Testing Lab-এ যাচাইপূর্বক আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন একটি Testing Lab হতে **<u>নিম্নোক্ত অনুচ্ছেদ ১১ এর খ</u>** তে বর্ণিত মান নিয়ন্ত্রণের সনদ প্রদান করতে হবে।

১১. **নতুন ব্র্যান্ডের/মডেলের ক্ষেত্রে প্রোপ্রাইটার/এমডি/সিইও কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত ডক্যুমেন্ট জমা দিতে হবেঃ**

(ক) Manufacturer Certificate (Original Language Native & English Version) (PCB এর ক্ষেত্রে);

(খ) Quality Assurance Certificate (with verified webpage);

(গ) Copy of Agreement with PCB/PCBA Manufacturer;

(ঘ) SAR (Specific Absorption Rate) Test Report (Maximum Value both in Body and Head is 1.6 W/Kg) PCB এর ক্ষেত্রে;

(ঙ) Battery Test Report (Local & Manufacturer Both) (Battery এর ক্ষেত্রে);

(চ) Display Test Report (Display এর ক্ষেত্রে);

(ছ) Adapter/Charger Test Report (Adapter/Charger এর ক্ষেত্রে);

(জ) Warranty Card with address & contact no. of service center;

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## পরিশিষ্ট-৩

SKD পদ্ধতিতে বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনাপত্তি পত্র (NOC) প্রদান করা হবেঃ

১। কারিগরী বিষয়াদি বিবেচনার্থে এই NOC প্রদান করা হলো। যন্ত্রপাতির মূল্য সহ অন্যান্য আর্থিক বিষয়ে BTRC সংশ্লিষ্ট নয়।

২। Enlistment Certificate এর সকল শর্ত অত্র NOC এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। আমদানি ছাড়পত্রের (NOC) মেয়াদ Enlistment Certificate এর মেয়াদ বা NOC ইস্যুর তারিখ হতে ০৬ মাসের মধ্যে যা কম সে পর্যন্ত বলবৎ বলে গণ্য হবে।

৪। অত্র অনুমতি পত্রের যে কোন পরিবর্তন ও পরিবর্ধন সরকার/কমিশন কর্তৃক করা যাবে।

৫। অবশ্যই Bar type মোবাইলফোন হ্যান্ডসেটের ক্ষেত্রে কি-প্যাড BSTI কর্তৃক প্রদত্ত জাতীয় মান (BDS 1834:2011)-অনুযায়ী নির্ধারিত বাংলা কি-প্যাড সম্বলিত আমদানি করতে হবে। PCB/PCBA বাংলা ফন্ট সাপোর্টের সফট্ওয়্যার থাকতে হবে।

৬। অবশ্যই Touch/Qwerty/Smart মোবাইলফোন হ্যান্ডসেটের ক্ষেত্রে বাংলায় SMS আদান প্রদানের জন্য সামঞ্জস্যপূর্ণ ৭ ও ৮ বিটের ইউনিকোড এনকোডিং স্ট্যান্ডার্ড (UTF 16/UCS 2) সংযোজন করতে হবে। PCB/PCBA বাংলা ফন্ট সাপোর্টের সফট্ওয়্যার থাকতে হবে।

৭। বিক্রয়ের পূর্বে উৎপাদিত মোবাইলফোন হ্যান্ডসেট গুলির IMEI নম্বর কমিশনে জমা দিয়ে বিক্রয়ের অনুমতি নিতে হবে।

৮। বিটিআরসি'র চাহিদা মোতাবেক উৎপাদিত সেট হতে প্রতিটি মডেলের নমুনা বিটিআরসিতে প্রদর্শন করে বিক্রয়ের অনুমতি নিতে হবে। বিটিআরসিতে সেট প্রদর্শন না করে সেট বিক্রয় করা যাবে না।

৯। মোবাইলফোন হ্যান্ডসেটের বাজারজাতকরণের বিজ্ঞাপনে বাংলা কী-প্যাড/UTF 16 Feature টি ক্রেতাদের দৃষ্টি গোচরে আনতে হবে এবং ভবিষ্যতে NOC পাওয়ার পূর্বে বিজ্ঞাপনের কপি বিটিআরসিতে প্রদান করতে হবে।

১০। "ব্র্যান্ডিং" এর শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মোবাইলফোন হ্যান্ডসেট আমদানি ও বাজারজাত করতে হবে (শুধুমাত্র উৎপাদনকারী ভেন্ডর ও অপারেটরের একত্রে কো-ব্র্যান্ডিং এর ক্ষেত্রে প্রযোজ্য)

১১। উৎপাদিত মোবাইলফোন হ্যান্ডসেট গুলির জন্য কমপক্ষে ০১ (এক) বৎসরের বিক্রয়োত্তর সেবা (Warranty) প্রদান করতে হবে। উৎপাদনকারীর সার্ভিস সেন্টারের ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত Warranty Card প্রত্যেকটি বিক্রয়যোগ্য হ্যান্ডসেটের সাথে প্রদান করতে হবে।

১২। কোন নির্দিষ্ট ব্র্যান্ডের একই মডেলের মোবাইল ফোন হ্যান্ডসেট আমদানী ও স্থানীয়ভাবে উৎপাদন করা যাবে না।

১৩। শুধুমাত্র স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানীর অনুমতি প্রদান করা হবে। তবে কোন অবস্থাতেই উক্ত যন্ত্রাংশ ব্যবহার করে মোবাইল ফোন হ্যান্ডসেট ব্যাতীত অন্য কোন প্রকার যন্ত্রপাতি তৈরী করা যাবে না।

১৪। বিটিআরসি হতে তালিকাভূক্ত প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab (বিটিআরসি স্বীকৃত) স্থাপনের পূর্ব পর্যন্ত স্থানীয়ভাবে প্রস্তুতকৃত হ্যান্ডসেটের ন্যূনতম ৩% পরিমাণ হ্যান্ডসেট আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Testing Lab থেকে কারিগরি এবং গুণগত মান যাচাই পূর্বক সার্টিফিকেট বিটিআরসিতে উপস্থাপন করতে হবে।

১৫। আমদানীতব্য PCB/PCBA ও আনুসঙ্গিক যন্ত্রাংশ দ্বারা কি পরিমান মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদন করা যাবে তার Decleration প্রদান করতে হবে। সংযোজনকালীন যন্ত্রাংশের অবচয় এবং বিক্রয়োত্তর সেবা বিবেচনা করে উৎপাদন/সংযোজন শুরু করার পর থেকে ০১ বছর পর্যন্ত সর্বোচ্চ ৮% PCB ও আনুসঙ্গিক যন্ত্রাংশ Wastage হিসাবে বিবেচনা করা হবে। তবে পরবর্তী বছর থেকে সর্বোচ্চ ৫% PCB ও আনুসঙ্গিক যন্ত্রাংশ Wastage হিসাবে বিবেচনা করা হবে। আমদানীকৃত যন্ত্রাংশের সঠিক ও যথাযথ রেজিস্ট্রার সংরক্ষনকরণ করতে হবে। কমিশনের পরিদর্শক এর চাহিদা অনুযায়ী যে কোন সময়ে উক্ত রেজিস্ট্রার প্রদর্শন করতে বাধ্য থাকবে।

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## পরিশিষ্ট-৪

প্রতিটি মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান একটি মান সম্মত (Standard) লে-আউটের মাধ্যমে তাদের Testing Lab স্থাপন করবে। ল্যাবের আয়তন এবং রুমের সংখ্যা মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনের সংখ্যার সাথে সঙ্গতি রেখে স্থাপন করতে হবে। প্রতিটি Testing Lab এ প্রয়োজনমত টেস্টিং সুবিধাদি (Facilities) সম্পন্ন বিভাগ (Department) থাকবে যাতে করে উন্নত মানের মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদন করা সম্ভব হয়। কারিগরী মান/ বৈশিষ্ট সঠিকভাবে নিরুপন করার জন্য ন্যূনতম নিম্নবর্ণিত টেষ্টিং সুবিধা/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab থাকতে হবে।

**(ক) Testing Lab-এর লে-আউটঃ**

উন্নত মানের মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদন নিশ্চিত করতে প্রয়োজনমত টেস্টিং সুবিধাদি (Facilities) সম্পন্ন অনেকগুলি বিভাগ (Department) থাকতে হয়। টেস্টিং ল্যাবে গবেষণা ও উন্নয়ন (Research and Development-R&D) সুবিধাসহ অন্যান্য বিভাগসমূহের সুষ্ঠ কর্ম পরিবেশ নিশ্চিত করতে ল্যাবের ন্যূনতম আয়তন ৫,০০০ (পাঁচ হাজার) বর্গফুট হতে হবে।

(খ) Testing Lab-এর বিভাগসমূহঃ

1. Clean Room
2. Reliability Test Department
3. Battery Test Department
4. Accessories Test Department
5. RF, Audio and Optical Test Department
6. Research and Development-R&D Department
7. Accessories Store Room
8. Finished Product & Final Quality Control (QC) Test Department

**(গ) Testing Lab টি নিম্নবর্ণিত সুবিধা সমৃদ্ধ হতে হবেঃ**

- Electro Static Discharge (ESD) protection of complete lab area is required.
- Temperature should be within 22~27 degree celcius (i.e. whole area must be air conditioned)
- Humidity required range: 40~90%
- Adequate fire protection and fire fighting equipment must be made available in lab area.
- Ensure compressed air support machine for the set up of reliability test lab.
- Whole lab area should be dust free.
- Layout of the lab area should be designed in accordance with the requirement of number, dimension and properties of test equipment.
- The minimum requirement of test equipments, as prescribed by BTRC is given in the list attached herewith. However, BTRC preserves the right to add/deduct any number of test equipment from the list as and when required.

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

(ঘ) **Testing Lab-এ নিম্নবর্ণিত টেস্টসমূহ পরিচালনার সুবিধাদি/টেস্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ হতে হবেঃ**

**A. Reliability Test Lab:**

The main purpose of this Lab is to ensure the mechanical reliability and environmental durability of electronic devices. The minimum requirement of test equipments of this department is given below. However, for the betterment of the testing lab, lab entity can add more test equipment/facilities.

1. Drop tester
2. Micro-drop tester
3. ESD tester
4. Bar phone button tester
5. TP (Touch Panel) scratch testing
6. Connection inserting test machine
7. Speaker life test
8. Steel ball drop test
9. Humidity/Temperature Tester
10. RCA tester
11. Handset bending tester
12. Pencil hardness tester
13. Wire bending tester

**B. Battery Test Lab:**

To check the rated capacity and charging discharing time frame of cellular phone batteries. The minimum requirement of test equipments of this department is given below. However, for the betterment of the testing laboratory, lab entity can add more test equipment/facilities.

1. Battery analyzer
2. Battery life cycle analyzer
3. NTC (Negative Temparature Co-efficient) checker
4. Battery cell tester

**C. Accessories Test Lab:**

To test the mobile phone accessories (Charger, USB cable, headphone etc.) The minimum requirement of test equipments of this department is given below. However, for the betterment of the testing lab, lab entity can add more test equipment/facilities.

1. Hi-Pot tester
2. LCR Meter
3. DC electronic load
4. AC power regulator
5. Oscilloscope
6. Thermal imager
7. Precision power supply

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন




**D. RF, Audio and Optical Lab:**

To test the radio signal integrity and performance of mobile device while ensuring the audio performance. Optical lab is used to measure the quality of cellular phone display and camera module quality with the help of standard machines and internationally recognized testing charts.





1. RF tester
2. Frequency Sweeper
3. Shield Box
4. Sound pressure level meter (SPL meter)
5. DB meter (Sound power level meter)
6. Brightness/luminance of display tester

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন





(ঙ) প্রতিটি মোবাইল ফোন হ্যান্ডসেট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান একটি মান সম্মত (Standard) লে-আউটের মাধ্যমে তাদের Testing Lab স্থাপন করবে। নিম্নে কয়েকটি টেষ্টিং যন্ত্রপাতির নমুনা দেখানো হলোঃ



| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 1. | High Pot Tester | To measure the surging protection. It works as Insulation/ High Voltage Protector |  | As required |
| 2. | Electronic Load Tester/DC Electric Load | Measures the rated load current/voltage of mobile accessories. |  | As required |
| 3. | AC power regulator | To regulates the incoming AC power with help of variac. |   | As required |
| 4. | LCR Meter | To measure the internal impedance and insulation of the cable. |   | As required |

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন




| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 5. | Battery Capacity Analyzer | To test the Charge and discharge capacity of Battery. |  | As required |
| 6. | Battery Lifetime Analyzer | For Measuring battery lifetime |  | As required |
| 7. | NTC (Negative temperature coefficient) Checker | To measure the battery NTC (Negative temperature coefficient) testing and internal impedance testing. |  | As required |
| 8. | Battery Cell Tester | Analyzes the cell capacity of mobile battery. |  | As required |
| 9. | Precision Power Supply | To check power consumption of mobile handset |  | As required |

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন




| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 10. | Brightness/ Luminance Tester | To check the flickering of the display. |   | As required |
| 11. | Shield Box | To check the radiation of mobile handset. Part of RF tester. |  | As required |
| 12. | Oscilloscope | To generate the different type of signal. |  | As required |
| 13. | TP (Touch Panel) scratch testing | To test the touch capability of the screen and to know the resistance capacity of Scratch on cellular phone |   | As required |
| 14. | Connection Inserting Test machine | To test the capability of the charging port, headphone port etc. and ensures the lifetime of the USB connector phone. |   | As required |

| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 15. | Speaker lifetime Testing Machine | To measures the lifetime of the speaker. |   | As required |
| 16. | Bar Phone Button Tester | To test the capability of the buttons of bar type phone. |  | As required |
| 17. | High Temp and High Humidity | 40°C at 93% RH for 96 hours |  | As required |


মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 18. | Drop Tester | To test strength of device by falling from a standard height as per display size. |  | As required |
| 19. | Micro Drop Tester | To ensures the hardness of the touch panel and the body of cellular phone. |   | As required |
| 20. | Steel Ball Drop Test | To test the hardness of the touch panel. |   | As required |

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 21. | ESD test (Electro static discharge) | Air discharge : 8KV; Touch discharge : 6KV |  | As required |
| 22. | Compression Test | Heavy Pressure Testing Machine |  | As required |
| 23. | Frequency Sweeper | To check the audio signal from 20 Hz to 20 KHz. |  | As required |
| 24. | Sound Pressure Level meter | To measure SPL, THD, DB of cellular phone. |  | As required |

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

| SL | Name of Equipment | Purpose | Picture | Unit |
|---|---|---|---|---|
| 25. | RF Tester | Frequency Band, sensitivity and signal strength measurement |  | As required |

মোঃ জাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
স্পেকট্রাম ডিভিশন
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ১৪৭-আইন/২০১৮/১৩/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৩২-আইন/২০১৭/১৮/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) TABLE-I এর পরিবর্তে নিম্নরূপ TABLE-I প্রতিস্থাপিত হইবে, যথা :-

**"TABLE-I**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 25.13 | 2513.10.00 | Pumice stone |
| 28.25 | 2825.90.00 | Lithium Cobalt Oxide |
| 28.27 | 2827.41.00 | Cupric chloride |
| 28.33 | 2833.25.00 | Copper (II) sulfate pentahydrate |
| | 2833.29.90 | Sodium persulphate |
| 29.33 | 2933.79.90 | N-Methyl-2-Pyrrolidone (NMP) |
| 32.06 | 3206.11.00 | Pigments and preparations based on titanium dioxide |
| 32.09 | 3209.90.90 | Color Paint or Varnishes |
| 32.14 | 3214.90.00 | Silica Gel |
| 32.15 | 3215.11.90 | Solder Mask and Ink (Printing ink) |
| 34.02 | 3402.19.90 | Antifoaming agent |
| 37.02 | 3702.98.00 | Unexposed photosensitive film of a width exceeding 35mm |
| 37.07 | 3707.90.00 | Chemical preparations for photographic uses |
| 38.01 | 3801.10.00 | Conductive Carbon black; Meso Carbon Micro Beads (MCMB) |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 38.10 | 3810.10.00 | Soldering paste |
| 38.12 | 3812.20.00 | Plastic/Rubber Additives |
| 38.24 | 3824.99.90 | Lithium Hexaflouride Phosphate electrolyte |
| 28.42 | 2842.10.90 | Lithium iron phosphate |
| 38.24 | 3824.99.90 | Electroplating salts and chemicals for PCB manufacturing |
| 39.03 | 3903.30.90 | Acrylonitrile-Butadiene-Styrene (ABS) Copolymers |
| 39.04 | 3904.90.00 | Poly Vinylidene Fluoride (PVDF) |
| 39.07 | 3907.40.90 | Polycarbonates |
| 39.12 | 3912.31.00 | Carboxymethyl cellulose (CMC) |
| 39.19 | 3919.10.90 | Adhesive Type Foam; Adhesive Tape (Polypropylene 32 um), Single Foamed Tape |
| | 3919.90.20 | Double glue adhesive tape |
| | 3919.90.99 | Tape Mylar |
| 39.20 | 3920.20.20 | Non printed cast polypropylene film |
| | 3920.99.90 | Thermoplastic sheets |
| 40.02 | 4002.19.00 | Styrene-Butadiene Rubber (SBR) |
| | 4002.99.00 | Plastic (thermoplastic) 92um |
| 48.11 | 4811.49.00 | Optically Clear Adhesive (OCA) Paper, High temperature paper/tape |
| | 4811.90.20 | Solid barley paper; Insulation paper; Hollow barley paper |
| 56.03 | 5603.11.90 | Conductive Fabric |
| 59.11 | 5911.90.00 | Screen printing mesh |
| 70.19 | 7019.32.90 | Glass Fiber |
| 73.18 | 7318.15.90 | Screw |
| 74.03 | 7403.19.00 | Copper anode ball |
| 74.10 | 7410.11.00 | Copper foil |
| | 7410.21.90 | Copper clad laminated with backing materials; Copper foil thickness not exceeding 1.5 mm |
| 75.06 | 7506.10.00 | Nickel strip |
| 76.07 | 7607.11.90 | Aluminium foil |
| 80.01 | 8001.10.00 | Tin, not alloyed |
| | 8001.20.00 | Tin alloys |
| 80.03 | 8003.00.00 | Pure tin anode |
| 83.11 | 8311.20.00 | Solder lead wire |
| | 8311.30.00 | Solder lead bar |
| 85.04 | 8504.31.00 | Transformer |
| | 8504.50.00 | Inductor |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.06 | 8506.90.10 | Separator |
| 85.07 | 8507.60.00 | Lithum ion/Polymer cell |
| 85.16 | 8516.80.00 | Thermistor |
| 85.17 | 8517.70.00 | Backlight Panel, Magmetic beads, Processed Plain Metal-Alloy Sheet For Mobile Housing; Decoration Steel Sheet For making Mobile Body Casing |
| 85.17 | 8517.70.00 | Touch Panel; Touch Panel Glass for mobile phone; Liquid Crystal Module; Camera Module; Input-Output (I/O) Port; Internal Earphone; Microphone; Antena; |
| | 8517.70.00 | Sim Card slot/T-Card slot |
| 85.18 | 8518.29.00 | Speaker |
| 85.23 | 8523.29.12 | Software With CD |
| 85.32 | 8532.29.90 | Capacitor |
| 85.33 | 8533.29.00 | Resistor |
| 85.34 | 8534.00.00 | Unloaded Printed Circuit Board, Protection Circuit Board, BMS (Battery management system) |
| 85.36 | 8536.90.90 | 2 Pin Connector Plug; Connector |
| 85.41 | 8541.10.00 | Diode |
| | 8541.29.00 | Transistor |
| | 8541.40.90 | Light Emitting Diodes (LED) |
| | 8541.50.00 | Thermistor |
| 85.42 | 8542.39.90 | Ball Grid Array Integrated Circuit (BGA IC); Display Driver IC |
| 85.44 | 8544.19.90 | Flexible Printed Cable (FPC) |
| | 8544.42.00 | Cable Fitted With Connector |
| 85.46 | 8546.90.00 | Heat Sink/Shield |
| 90.01 | 9001.90.90 | LCM Protective lens; Camera Protective Lens |
| 90.13 | 9013.90.10 | Diffuser Back light controller "; |

(খ) TABLE-II এর পরিবর্তে নিম্নরূপ TABLE-II প্রতিস্থাপিত হইবে, যথা :-

**"TABLE-II**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 39.26 | 3926.90.99 | Back cover; Front Cover; Side cover |
| 48.11 | 4811.41.90 | Screw Void Paper Sticker & IMEI |

| | | |
|---|---|---|
| | | Label Paper Sticker |
| 85.04 | 8504.40.10 | Cellular Phone Battery Charger |
| 85.07 | 8507.60.00 | Lithium Ion Battery; Lithium Polymer Battery |
| 85.17 | 8517.70.00 | Key; Keypad housing; Keypad Dome; Front Shell, Vibrator; Motor; Receiver |
| | 8517.70.00 | Loaded Printed Circuit Board/PCB Assembled/Mother Board for Cellular Phone |
| | 8517.70.00 | Earphone button, other covers for mobile components |
| 85.44 | 8544.19.90 | USB Cable; OTG Cable "; এবং |

(গ) "শর্তসমূহ" শিরোনামাধীন এর-

(১) শর্ত ২ এর পর নিম্নরূপ নূতন শর্ত "২ক" সন্নিবেশিত হইবে, যথা :-

"২ক। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিকট হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে।"।

(২) শর্ত ৪ এর পরিবর্তে নিম্নরূপ শর্ত ৪ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৪। উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে। উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড; সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ; এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদনকারী প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **"পরিশিষ্ট-১"** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবে। উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন

প্রদান করা যাইবে। উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।”।

২। ইহা ৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব